


ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯৮০

আগরতলা, ২৯ নভেম্বর, ২০২৪

উনকোটি জেলাভিত্তিক জাতীয় মানসিক স্বাস্থ্য কর্মসূচি
কৈলাসহরে কর্মশালা



উনকোটি জেলার কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্রে আজ উনকোটি জেলাভিত্তিক জাতীয় মানসিক স্বাস্থ্য কর্মসূচি নিয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন জেলার টিকাকরণ আধিকারিক ডাঃ সন্দীপন ভট্টাচার্য্য। কর্মশালায় অংশগ্রহণ করেন জেলার প্রত্যেকটি স্বাস্থ্যকেন্দ্রের ১ জন মেডিক্যাল অফিসার, ১ জন নার্সিং অফিসার, এম পি এস প্রমুখরা। উনকোটি জেলা হাসপাতালের মনরোগ বিশেষজ্ঞ ডাঃ কিষণ দেববর্মা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে ন্যাশনাল মেন্টাল হেলথ প্রোগ্রামের প্রত্যেকটি বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। মানসিক রোগের লক্ষণ, মানসিক রোগে আক্রান্ত রোগীদের সাথে কিভাবে ব্যবহার করা, মানসিক ভাবে কিভাবে নিজেকে সুরক্ষিত রাখা যায় সেই সব বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উনকোটি জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
